

<http://www.banglanews24.com>

/ শিল্প-সাহিত্য (<http://www.banglanews24.com/category/শিল্প-সাহিত্য/11>)

Share Quote

পাবলিশার্স-ই-প্লাটফর্মের বর্ষপূর্তি

নিউজ ডেস্ক | বাংলানিউজটোয়েন্টিফোর.কম

আপডেট: ২০১৮-০৭-২৫ ১২:১৮:৩৮ এএম

Save to Facebook

67

<http://www.banglanews24.com/banglanewsprint/665885>



ঢাকা: গ্রন্থ-লেখক-প্রকাশক তথ্য ভাণ্ডার পাবলিশার্স-ই-প্লাটফর্ম-এর বর্ষপূর্তি ও মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৪ জুলাই) জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল অডিটোরিয়ামে এ সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ফরিদ আহমেদ।

প্রযুক্তির সম্প্রসারণ বিষয়ক বক্তব্য রাখেন তথ্য-প্রযুক্তিবিদ আলফা নেটের প্রতিষ্ঠাতা আবু সুফিয়ান হায়দার।

অনুষ্ঠানে দেশের তরুণ লেখক, পাঠক এবং প্রকাশকরা নিজেদের মতামত দেন। প্রকৌশলী মো. ইসরাফিলের পরিচালনায় প্লাটফর্মের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন প্রকাশক খন্দকার মনিরুল ইসলাম, মনিরুল হক, লেখক কাজী রাফি, সৈয়দজিব্রান এবং কবি তুষার দাশ প্রমুখ।

লেখক, প্রকাশক ও বইয়ের তথ্য ভাণ্ডার সমৃদ্ধ তিনটি ওয়েবসাইট নিয়ে পাবলিশার্স-ই-প্লাটফর্ম তৈরির কাজ শুরু হয় গত বছর। সৃজনশীল প্রকাশনা জগতের সমস্ত তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং ডিজিটাল ও সামাজিক মাধ্যমে পাঠক মহলে পৌঁছে দেওয়া পাবলিশার্স-ই-প্লাটফর্মের উদ্দেশ্য। বই, প্রকাশক এবং লেখকদের তথ্য ছাড়াও এতে সংরক্ষিত হচ্ছে সম্পাদক, প্রচ্ছদশিল্পীসহ প্রকাশনা জগতের অন্য কর্মীদের তথ্য। এই মুহূর্তে ৩০ হাজারের অধিক বই, চার হাজারের অধিক লেখক এবং প্রায় দুইশ' প্রকাশকের তথ্য এটি ধারণ করছে।

এই প্লাটফর্মের তিনটি ওয়েবসাইট- পাবলিশার্সডটকম.বিডি, অথরসডটকম.বিডি ও বুকস ডটকম.বিডি।

বাংলাদেশ সময়: ০০১৭ ঘণ্টা, জুলাই ২৫, ২০১৮

ইএস আরআর

শিল্প-সাহিত্য এর সর্বশেষ



পাবলিশার্স-ই-প্লাটফর্মের বর্ষপূর্তি

(<http://www.banglanews24.com/art-literature/news/bd/665885.details>)




ঐতিহ্যের স্মরণে 'শিল্পের শহর ঢাকা'

(<http://www.banglanews24.com/art-literature/news/bd/665845.details>)



প্রকাশিত হলো 'দীর্ঘস্থায়ী শোকসভার আবৃত্তি অ্যালবাম

(<http://www.banglanews24.com/art-literature/news/bd/665527.details>)



'পাগুডলিপি করে আয়োজন' রঙচটা জীবনের রকমারি

(<http://www.banglanews24.com/art-literature/news/bd/665363.details>)



তৃতীয় লিঙ্গকে সমাজের মূল ধারায় ফেরাতে 'সুন্দর বাজুক'

(<http://www.banglanews24.com/art-literature/news/bd/665306.details>)




যুদ্ধস্মৃতি ফিরিয়ে কাঁদায় মোমেনার 'লাল জামিন'

(<http://www.banglanews24.com/art-literature/news/bd/665300.details>)



বেহালার সুর ও ওয়াফিয়া রহমানের শাস্ত্রীয় শিল্পের মুঞ্চাত

(<http://www.banglanews24.com/art-literature/news/bd/665144.details>)



পদাতিক নাট্য সংসদের ভারত যাত্রা

(<http://www.banglanews24.com/art-literature/news/bd/665063.details>)

রবীন্দ্রকথন 'বাংলার মাটি বাংলার জল'

Share 67

Tweet

G+

Share

বাংলানিউজটোয়েন্টিফোর.কম র প্রকাশিত প্রচারিত কোনো সংবাদ, তথ্য, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার করা যাবে না।